08 – 14 July, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ২৭ সাপ্তাহিক ০৮ - ১৪ জুলাই, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১২ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।
❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।
❖ 'কোভিড-১৯' (করোনার) ওপর তালিকার আকারে বিশ্ব, দেশ ও রাজ্যের ওপর বিশেষ গুরুত্বপূর্ণ তথ্য।
❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

স্টেট ব্যাঙ্কে ৬১০০ অ্যাপ্রেন্টিস

স্নাতক যোগ্যতায়

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট অনুযায়ী দেশের সমস্ত রাজ্যের স্নাতক পাশ প্রার্থীদের অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দেওয়ার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ইচ্ছুক প্রার্থীরা আবেদন করবেন ২৬ জুলাই, ২০২১ তারিখের মধ্যে। নীচে প্রতিটি রাজ্যের ভাষা অনুযায়ী শূন্যপদ বর্ণনা করা হল– *১) পশ্চিমবঙ্গ (বাংলা/নেপালি) :* মোট শূন্যপদ ৭১৫টি (অসংরক্ষিত ২৮৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭১, ওবিসি ১৫৭, এসটি ৩৫ ও এসসি ১৬৪)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২৯টি শূন্যপদ সংরক্ষিত। *২) গুজরাট (গুজরাটি) :* মোট শূন্যপদ ৮০০টি (অসংরক্ষিত ৩২৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮০, ওবিসি ২১৬, এসটি ১২০ ও এসসি ৫৬)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩২টি শূন্যপদ সংরক্ষিত। *৩) অন্ধ্রপ্রদেশ (তেলুগু/উর্দু) :* মোট শূন্যপদ ১০০টি (অসংরক্ষিত ৪০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১০, ওবিসি ২৭, এসটি ৭ ও এসসি ১৬)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত। *৪) কর্ণাটক (কন্নড়):* মোট শূন্যপদ ২০০টি (অসংরক্ষিত ৮০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২০, ওবিসি ৫৪, এসটি ১৪ ও এসসি ৩২)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৬টি শূন্যপদ সংরক্ষিত। *৫) মধ্যপ্রদেশ (হিন্দি):* মোট শূন্যপদ ৭৫টি (অসংরক্ষিত ৩১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭, ওবিসি ১১, এসটি ১৫ ও এসসি ১১)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। *৬) ছত্তিশগড় (হিন্দি):* মোট শূন্যপদ ৭৫টি (অসংরক্ষিত ৩১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭, ওবিসি

এরপর ৮ পাতায়

ভারতীয় নৌসেনায় ৩৫০

মাধ্যমিক পাশ অবিবাহিত পুরুষ প্রার্থীর আবেদনযোগ্য

ভারতীয় নৌসেনা প্রায় ৩৫০টি শূন্যপদে অবিবাহিত পুরুষ প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রার্থীদের নিয়োগ করা হবে শেফ, স্টিওয়ার্ড এবং হাইজেনিস্ট পদে। প্রার্থীদের বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রথমে ১৭৫০ জনকে ডাকা হবে, ইচ্ছুক প্রার্থীদের আবেদনের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদেরই লিখিত পরীক্ষায় ডাকা হবে। স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদনযোগ্য। নম্বরের কোনো উর্ধ্বসীমা নেই। শেফ পদে আবেদনের জন্য প্রার্থীদের নিরামিষ ও আমিষ রান্না জানতে হবে। স্টিওয়ার্ড পদে কাজ হল নৌসেনার অফিসারদের মেসে ওয়েটার, হাউসকিপিং ইত্যাদি পদে কাজ করা। হাইজিনিস্ট পদে প্রার্থীদের পয়ঃপ্রণালী পরিষ্কার করার কাজ করতে হবে। আবেদিত প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ১ এপ্রিল, ২০০১ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের মধ্যে। লিখিত পরীক্ষা ও ফিজিক্যাল ফিটনেস

এরপর ২ পাতায়

আইএসআই কলকাতায় ৪৫

অষ্টম পাশ যোগ্যতা থেকে শুরু

কলকাতায় অবস্থিত ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট ৪৫টি শূন্যপদে ইঞ্জিনিয়ার, ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট, ইলেকট্রিশিয়ান, অপারেটর কাম মেকানিক, ড্রাইভার, কুক, অ্যাসিস্ট্যান্ট (লাইব্রেরি, ল্যাবরেটরি, রেপ্রো ফটো, ফার্ম) ইত্যাদি শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এটি কেন্দ্রীয় সরকারের মিনিস্ট্রি অফ স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : REC-6/2021-3, KOL। আবেদন করতে হবে ২৩ জুলাই তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ, বয়স ও শিক্ষাগত যোগ্যতা :** *১) ড্রাইভার-এ* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। মাধ্যমিক পাশের সঙ্গে সব ধরনের গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে এবং হালকা ও ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স প্রাপ্ত হতে হবে। *২) কুক-এ* শাখায় শূন্যপদ ১টি

এরপর ২ পাতায়

আসাম রাইফেলসে ১৩১

স্পোর্টস কোটায় নিয়োগ

মেডিক্যাল যোগ্যতায়

আসাম রাইফেলসে স্পোর্ট কোটায় র‍্যালির মাধ্যমে ১১০টি শূন্যপদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 12016/Rect Branch/2021। আবেদন গ্রহণ চলবে ২৬ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত। রিক্রুটমেন্ট র‍্যালি অনুষ্ঠিত হবে সম্ভাব্য ২৪ আগস্ট থেকে।

▸ **শূন্যপদ :** ১) আর্চারি শাখায় শূন্যপদ ৮টি (পুরুষ ২ ও মহিলা ৬)। ২) ক্যারাটে শাখায় শূন্যপদ ৮টি (পুরুষ ৪ ও

এরপর ৭ পাতায়

পিএসসি-তে ৪৮ প্রফেসর

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ৪৮টি শূন্যপদে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৭/২০২১। প্রার্থীদের নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল জেনারেল সার্ভিসের অধীনস্থ ডিপার্টমেন্ট অফ হায়ার এডুকেশনের অন্তর্গত বিভিন্ন সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে। প্রার্থীদের প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সঙ্গে বাংলা ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। আবেদনের শেষ তারিখ ২৯ জুলাই।

এরপর ২ পাতায়

ভারত ডায়নামিক্স লিমিটেডে ৪৬

প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ভারত ডায়নামিক লিমিটেড ৪৬টি শূন্যপদে জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার, মেডিক্যাল অফিসার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সেফটি) এবং বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদে প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : C-HR (TA&CP)/ ADVT.NO.2021-2। নির্বাচিত প্রার্থীদের নিযুক্ত করা হবে হায়দ্রাবাদের কাঞ্চনবাগ ইউনিট, সঙ্গরেড্ডি জেলার ভানুর ইউনিট (তেলেঙ্গানা),

এরপর ৭ পাতায়

101 George Telegraph

GSCE পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

সরকারি চাকরি শুরু হোক জিএসসিই-র সঙ্গে

অতিমারী পরিস্থিতিতে সরকারি চাকরি প্রার্থীদের আর্থিক অবস্থার কথা মাথায় রেখে জিএসসিই-র বিশেষ উদ্যোগ 'LIVE SESSION & FREE DEMO CLASS by Directors and renowned teachers Mr. Avijit Kundu, Mr. Ayan Sarkar and Mr. Haranath Das'। অনুষ্ঠিত হবে ১৪ জুলাই গুগল মীটের মাধ্যমে সন্ধ্যা ৬টায়। অংশগ্রহণ করতে ১২ জুলাইয়ের মধ্যে নাম রেজিস্টার্ড করুন আপনার লাস্ট কোয়ালিফিকেশন ও হোয়াটসঅ্যাপ নম্বর-সহ এই নম্বরগুলিতে– 6292247372 / 9830155300 / 9230056670

ডব্লুবিসিএস ২০২১ প্রিলিমিনারি পরীক্ষা ২২ আগস্ট, ২০২২ সালের বিজ্ঞপ্তির ফর্ম ফিলআপ শীঘ্রই।

স্কুল সার্ভিস কমিশনে ১০৫০০ গ্রুপ-সি, ডি, লাইব্রেরিয়ান

৪০০০০ জিডি কনস্টেবল মাধ্যমিক পাশে

কলকাতা পুলিশে ২৫০০

অনলাইন কোর্স ফি
Rs. 6,000.00 + G.S.T - ৬ মাসের জন্য
Rs. 3,000.00 + G.S.T - ৩ মাসের জন্য

Student Credit Card facility available

Admission Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org E-mail : gscesdh@gmail.com

বর্ডার সিকিউরিটি ফোর্সে ১১০

মেডিক্যাল যোগ্যতায়

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ 'বর্ডার সিকিউরিটি ফোর্সে' গ্রুপ-বি ও গ্রুপ-সি নন-গেজেটেড শাখায় ১১০টি শূন্যপদে অপারেশন থিয়েটার টেকনিশিয়ান, ল্যাবরেটরি টেকনিশিয়ান, ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া এবং ক্লেরিক্যাল স্টাফ পদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদন করতে হবে ২৬ জুলাই তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ, বয়স ও শিক্ষাগত যোগ্যতা :** *১) স্টাফ নার্স*— শাখায় শূন্যপদ ৩৭টি (অসংরক্ষিত ১৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, এসসি ৫, এসটি ২ এবং ওবিসি ১৩)। বয়সসীমা ২১ থেকে ৩০ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে জেনারেল নার্সিং প্রোগ্রামে ডিগ্রি/ডিপ্লোমা পাশ করতে হবে। সেন্ট্রাল/স্টেট নার্সিং কাউন্সিল থেকে এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরিতে রেজিস্ট্রেশন পেয়ে থাকতে হবে।

এরপর ২ পাতায়

ইউপিএসসিতে ৮৪৮ মেডিক্যাল অফিসার

আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন 'কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিসেস এক্সামিনেশন' ২০২১ পরীক্ষার মাধ্যমে ৮৩৮টি শূন্যপদে মেডিক্যাল অফিসার শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 09/2021-CMS। আবেদন করতে হবে ২৭ জুলাই সন্ধ্যে ৬টার মধ্যে। লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী নিয়োগ করা হবে। লিখিত পরীক্ষা হবে অনলাইনে এবছর ২১ নভেম্বর

এরপর ৭ পাতায়

সম্পাদকীয়

শিক্ষক নিয়োগের মামলায় শীর্ষ আদালত নতুন করে টেট পরীক্ষা নেওয়ার নির্দেশ দিয়েছে সম্প্রতি রাজ্য সরকারকে। ২০১৭ সালের টেট পরীক্ষায় যারা বসতে পারেননি কিন্তু ডিএলএড পাশ করেছেন, এই নির্দেশ অনুযায়ী তারা নতুন করে টেট পরীক্ষায় বসতে পারবেন। আগামী বছর মার্চ মাসের মধ্যে নতুন করে টেট পরীক্ষা নিতে হবে বলে জানিয়ে দিয়েছে শীর্ষ আদালত। উল্লেখযোগ্য খবর এটাই, এর ফলে নতুন করে প্রায় ৫০-৬০ হাজার প্রশিক্ষিত প্রার্থী টেট পরীক্ষায় বসার সুযোগ পাবেন বলে মনে করা হচ্ছে। ৭ জুলাই চলতি অর্থবর্ষের পূর্ণাঙ্গ বাজেট প্রকাশ করল মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। মুখ্যমন্ত্রী বাজেট ঘোষণার পর সাংবাদিক বৈঠকে জানান, আগামী পাঁচ বছরে ১.৫ কোটি নতুন কাজ তৈরি হওয়া নিয়েও আশাবাদী রয়েছে তাঁর সরকার। যার অন্যতম সূত্র হবে একাধিক প্রকল্পের হাত ধরে রাজ্যে আসা বিপুল লগ্নি। অর্থবাজেটের বিশদ তথ্যাবলি আমরা পত্রিকার পরবর্তী সংখ্যায় জানিয়ে দেব। তাছাড়া সম্প্রতি কেন্দ্রীয় সরকারের মন্ত্রীসভাতেও বেশ কিছু রদবদল হয়েছে। তার পূর্ণাঙ্গ তালিকাও আমরা জানিয়ে দেব আগামী সংখ্যাতেই। সব মিলিয়ে এই দুই সপ্তাহে চাকরির খবরের সঙ্গে 'কারেন্ট অ্যাফেয়ার্স' বিভাগও বেশ উল্লেখযোগ্য 'তথ্যে' পরিপূর্ণ থাকবে। বর্তমানে দেশ করোনা সংক্রমণে অনেকটাই নিয়ন্ত্রণে চলে এসেছে। স্থগিত পরীক্ষাগুলি ফের গ্রহণ করবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ– এই পরিস্থিতিতে ছাত্রছাত্রীরা এমনটাই আশা করে আছে। পাশাপাশি বেশ কিছু নতুন নিয়োগ বিজ্ঞপ্তিও প্রকাশিত হয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য নৌবাহিনীতে ৩৫০টি শূন্যপদে মাধ্যমিক পাশে অবিবাহিত পুরুষ প্রার্থী নিয়েছে। দীর্ঘদিন পর ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন 'কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিস এক্সামিনেশনে'র বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকের অধীন বিভিন্ন ডিপার্টমেন্টে প্রায় ৮৩৮ জন মেডিক্যাল অফিসার নিয়োগ হবে এই পরীক্ষার মাধ্যমে। বিশদ বিবরণ রইল এই সংখ্যাতেই। এছাড়াও রয়েছে অন্যান্য চাকরির খবর, সাম্প্রতিক ঘটনাবলি ও পাঠকদের প্রশ্নোত্তর বিভাগ তো রইলই। সরকারি চাকরির জন্য প্রস্তুতিকে করে তুলুন সবার সেরা। পাশে আছে 'শিক্ষা চাকরি ও খেলা'। ভালো ও সুস্থ থাকুন সকলে।

বর্ডার সিকিউরিটি ফোর্সে ১১০

১ পাতার পর

২) অপারেশন থিয়েটার টেকনিশিয়ান– শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। বয়সসীমা ২০-২৫ বছর। ডিফেন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অপারেশন টেকনিকে ডিপ্লোমা পাশ বা সার্টিফিকেট পেয়ে থাকতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। *৩) ল্যাবরেটরি টেকনিশিয়ান*– শাখায় শূন্যপদ ২৮টি (অসংরক্ষিত ১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, এসসি ৪, এসটি ২ এবং ওবিসি ৭)। বয়সসীমা ১৮-২৫ বছর। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। *৪) ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া*– শাখায় শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ২, এসটি ২ এবং ওবিসি ৫)। বয়সসীমা ১৮-২৩ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে সংশ্লিষ্ট ট্রেডে। এর সঙ্গে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, ২ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে সংশ্লিষ্ট ট্রেডে কোনো স্বীকৃত আইটিআই প্রতিষ্ঠান থেকে। *৫) হেড কনস্টেবল (ভেটেরিনারি)*– শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, এসসি ৩, এসটি ২ এবং ওবিসি ৪)। বয়সসীমা ১৮-২৫ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে *৩) ল্যাবরেটরি টেকনিশিয়ান*– শাখায় শূন্যপদ ২৮টি (অসংরক্ষিত ১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, এসসি ৪, এসটি ২ এবং ওবিসি ৭)। বয়সসীমা ১৮-২৫ বছর। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভেটেরিনারি/অ্যানিস্ট্যান্ট শাখায় এক বছর মেয়াদের কোর্স পাশ করে থাকতে হবে। এর সঙ্গে অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৬) কনস্টেবল (কেনেলম্যান)*– শাখায় শূন্যপদ ১৫টি (অসংরক্ষিত ৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ১, এসটি ৩ এবং ওবিসি ১)। বয়সসীমা ১৮-২৫ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে কোনো সরকারি স্বীকৃত ভেটেরিনারি হসপিটালে/ভেটেরিনারি কলেজে/গভর্নমেন্ট ফার্মে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে পশুদের প্রতিপালনে। উপরিউক্ত সমস্ত পদের বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ২৬ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শারীরিক মাপজোখ :** নার্স, ওটি টেকনিশিয়ান, ল্যাব টেকনিশিয়ান, হেড কনস্টেবল (ভেটেরিনারি) এবং কনস্টেবল (কেনেলম্যান) পদের জন্য পুরুষ প্রার্থীদের শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৬৫ সেমি, মহিলাদের হতে হবে ১৫০ সেমি। পুরুষদের বুকের ছাতি হতে হবে অন্তত ৭৬ সেমি এবং ফুলিয়ে ৮১ সেমি। ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া পদের জন্য পুরুষ প্রার্থীদের শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৬৭.৫ সেমি ও মহিলাদের ১৫৭ সেমি। পুরুষদের বুকের ছাতি হতে হবে অন্তত ৭৮ সেমি এবং ফুলিয়ে ৮৩ সেমি।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা প্রতিটি পদ অনুযায়ী আলাদাভাবে হবে। তবে প্রত্যেকটি পদের জন্যই ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে লিখিত পরীক্ষা দিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্টে পুরুষদের ৭ মিনিটে দৌড়তে হবে ১.৬ কিমি এবং মহিলা প্রার্থীদের ৫ মিনিটে দৌড়তে হবে ৮০০ মিটার দূরত্ব। পুরুষদের লং জাম্প দিতে হবে ১১ ফুট (৩ বারের চেষ্টায়) মহিলাদের লং জাম্প দিতে হবে ৮ ফুট (৩ বারের চেষ্টায়)। পুরুষদের হাই জাম্প দিতে হবে ৩.৫ ফুট (৩ বারের চেষ্টায়) মহিলাদের হাই জাম্প দিতে হবে ২.৫ ফুট (৩ বারের চেষ্টায়)। লিখিত পরীক্ষার সিলেবাস সম্পর্কে বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৬ জুলাই, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.bsf.gov.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

আইএসআই কলকাতায় ৪৫

১ পাতার পর

(আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি)। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কুকারি ট্রেডে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা/সার্টিফিকেট পাশ করতে হবে। *৩) অ্যাসিস্ট্যান্ট (লাইব্রেরি)-এ* শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৫ ও এসসি ১)। এর মধ্যে ২টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে। কম্পিউটার অপারেশন ও ডেটা এন্ট্রির কাজ জানতে হবে। *৪) অ্যাসিস্ট্যান্ট (ল্যাবরেটরি)-এ* শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া কম্পিউটারে কাজ জানতে হবে। *৫) অ্যাসিস্ট্যান্ট (রেপ্রো ফটো)-এ* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও এসসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া কম্পিউটারে কাজ জানতে হবে। উপরিউক্ত সবকটি পদে বয়সসীমা ৩৫ বছরের মধ্যে। এই সবকটি পদে প্রার্থীদের কলকাতা ও দিল্লির অফিসে নিযুক্ত করা হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **বেতনক্রম :** মাসিক বেতন ২১,৭০০-৬৯,১০০ টাকা। কুক পদের জন্য মাসিক বেতন ১৯,৯০০- ৬৩,২০০ টাকা।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৩ জুলাই, ২০২১ দুপুর ২টোর মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.isical.ac.in ওয়েবসাইটে গিয়ে। প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। বাকি পদগুলি সম্পর্কে বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

পিএসসি-তে ৪৮ প্রফেসর

১ পাতার পর

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক এবং এমই/এমটেক পাশ করতে হবে। এমসিএ শাখার জন্য বিই/বিটেক পাশের সঙ্গে এমসিএ পাশ করতে হবে।

▶ **বয়সসীমা :** ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শূন্যপদ :** *১) টেক্সটাইল টেকনোলজি অ্যান্ড অ্যাপারেল প্রোডাকশন ম্যানেজমেন্ট* শাখায় শূন্যপদ ৩টি (এসসি ১, এসটি ১ ও অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১)। *২) টেক্সটাইল টেকনোলজি* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ১, এসসি ১ ও এসটি ১)। *৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং* শাখায় শূন্যপদ ১৩টি (এসসি ৩, এসটি ৩, ওবিসি-এ ৩ এবং ওবিসি-বি ৪)। *৪) ইনফরমেশন টেকনোলজি* শাখায় শূন্যপদ ৩টি (এসসি ১, এসটি ১ এবং অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১)। *৫) এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১)। অন্যান্য শাখার শূন্যপদগুলি সম্পর্কে জানতে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি ভালো করে পড়ে নিতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৯ জুলাই, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে https://wbpsc.gov.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২১০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি লাগবে না। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অসংরক্ষিত প্রার্থীদের কোয়ালিফাইং মার্কস ৪০%। ওবিসি প্রার্থীদের ৩৮%, এসসি প্রার্থীদের ৩৫%, এসটি প্রার্থীদের ৩০% এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সংশ্লিষ্ট ক্যাটেগরিতে নির্ধারিত কোয়ালিফাইং মার্কসের থেকে ২% কম পেলেই হবে। এছাড়া আরও বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ভারতীয় নৌসেনায় ৩৫০

১ পাতার পর

ট্রেনিংয়ের মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের প্রথমে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে প্রার্থীদের চূড়ান্ত নিয়োগ করা হবে। লিখিত পরীক্ষাটি অবজেক্টিভ টাইপের হবে। প্রশ্নপত্র হবে ইংরেজি ও হিন্দিতে। বিষয়বস্তু থাকবে সায়েন্স ও ম্যাথমেটিক্স এবং জেনারেল নলেজ। সময় ৩০ মিনিট। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রার্থীদের ফিজিক্যাল ফিটনেস টেস্টে অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের ৭ মিনিটে ১.৬ কিমি দূরত্ব দৌড়তে হবে, ২০টি ওঠবস দিতে হবে এবং ১০টি পুশআপ দিতে হবে। এই ধাপে উত্তীর্ণ হলে তবেই প্রার্থীরা মেডিক্যাল টেস্টে ডাক পাবেন। নির্বাচিত ৪৫০ জনকে মেডিক্যাল টেস্টে ডাকা হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। চশমা সমেত ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৬। প্রার্থীদের আবেদন করতে হবে ২৩ জুলাই, ২০২১ তারিখের মধ্যে www.joinindiannavy.gov.in ওয়েবসাইটে গিয়ে। ট্রেনিংপর্ব শুরু হবে এবছর অক্টোবর মাস নাগাদ, চলবে ১২ সপ্তাহ পর্যন্ত। প্রাথমিকভাবে এই পদে প্রার্থীদের ১৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from:** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

বিশ্বে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান

গত ১২ সপ্তাহের করোনা তথ্য ২০২১

১৪ এপ্রিল রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৬,৩০,১১৬	১০,৪৫৮	৫,৮৭,০৩৭
ভারত	১,৪০,৭৪,৫৬৪	১,৭৩,১৫২	১,২৪,২৬,১৪৬
বিশ্ব	১৩,৮৮,৪৮,৮৯৭	২৯,৮৫,৬৮৫	১১,১৬,৩৫,৭৩৬

২১ এপ্রিল রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৬,৮৮,৯৫৬	১০,৭১০	৬,১৪,৭৫০
ভারত	১,৫৯,৩০,৯৬৫	১,৮৪,৬৭২	১,৩৪,৫৪,৮৮০
বিশ্ব	১৪,৪৪,৫৫,৬৮৪	৩০,৭১,৭৯৮	১২,২৯,৩২,৬৮৪

২৮ এপ্রিল রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৭,৯৩,৫৫২	১১,১৫৯	৬,৭৬,৫৮১
ভারত	১,৮৩,৭৬,৫২৪	২,০৪,৮৩২	১,৫০,৮৬,৮৭৮
বিশ্ব	১৫,০২,৪২,৬২৮	৩১,৬৪,১৭০	১২,৮৩,০৪,৩৫৫

০৫ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৯,১৬,৬৩৫	১১,৮৪৭	৭,৮২,৯১৬
ভারত	২,১০,৭৭,৪১০	২,৩০,১৬৮	১,৭২,৮০,৮৪৪
বিশ্ব	১৫,৫৮,৩৯,৮৩৭	৩২,৫৫,৪৯১	১৩,৪০,৫৫,৭১৩

১২ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১০,৩২,৭৪০	১২,৫৯৩	৮,৯২,৪৭৪
ভারত	২,৩৭,০২,৮৩২	২,৫৮,৩৫১	১,৯৭,২৮,৪৩৬
বিশ্ব	১৬,১০,৬৯,১৩২	৩৩,৪৪,৫২১	১৩,৯৮,৪৬,৭১৩

১৯ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১১,৭১,৮৬১	১৩,৫৭৬	১০,২৬,৪৯২
ভারত	২,৫৭,৭১,৪০৫	২,৮৭,১৫৬	২,২৩,৪৮,৬৮৩
বিশ্ব	১৬,৫৫,৫০,৫৩৪	৩৪,৩১,৫১৩	১৪,৫৭,৯৬,৯৭৯

২৫ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১২,৮৪,৯৭৩	১৪,৫১৭	১১,৪১,৮৭১
ভারত	২,৭১,২৫৬,৩৮২	৩,১১,৪২১	২,৪৩,৪৩,২৯৯
বিশ্ব	১৬,৮৫,০৮,৫৩৯	৩৪,৯৯,১৩৪	১৫,০১,০৮,৭৬২

০২ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৩,৯৪,৭২৪	১৫,৮১৩	১৩,০৮,৮৯৬
ভারত	২,৮৪,৪০,৯৮৮	৩,৩৮,০১৩	২,৬৩,৮২,৮৯৭
বিশ্ব	১৭,২৪,২৪,৪৭২	৩৭,০৬,৫৬১	১৫,৫২,৬৬,২৫৭

০৯ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৪২,৮৩০	১৬,৫৫৫	১৪,১১,৫৭৩
ভারত	২,৯১,৮৩,১২১	৩,৫৯,৬৯৫	২,৭৬,৫৫,৪৯৩
বিশ্ব	১৭,৫১,৭৭,১৭৭	৩৭,৭৭,০৯৭	১৫,৮৯,৯২,৯৯১

১৬ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৬৮,০৪৪	১৭,০৪৯	১৪,৩০,৯৪৯
ভারত	২,৯৬,৯৯,৫৫৫	৩,৮১,৯৩১	২,৮৪,৮৪,৫৪৪
বিশ্ব	১৭,৭৭,৮২,৬৩৭	৩৮,৪৮,০২০	১৬,২২,৮০,৫১৩

২৩ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৮৭,৩৬৩	১৭,৪৭৫	১৪,৪৭,৫১০
ভারত	৩,০০,৮২,১৬৯	৩,৯২,০১৪	২,৯০,৫৬,৬০৯
বিশ্ব	১৮,০৩,৬৮,৩৩৭	৩৯,০৭,৫৫৬	১৬,৫০,৮৫,৭৮৯

৩০ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৯৮,৩০৫	১৭,৬৭৯	১৪,৫৯,৫১০
ভারত	৩,০৪,১০,৫৭৭	৩,৯৯,৪৭৫	২,৯৪,৮১,৫২২
বিশ্ব	১৮,২৯,৫২,৫৯২	৩৯,৬২,১১৩	১৬,৭৫,৩৫,৪১৫

'কোভিড-১৯' সংক্রমণে সতর্কতা প্রদানে জাতীয় হেল্পলাইন নম্বর : ১০৭৫
রাজ্যের টোল ফ্রি নম্বর - ১০৭০, কন্ট্রোল রুম নং ০৩৩-২২১৪-৩৫২৬,
২৪ ঘণ্টার হেল্পলাইন নম্বর : ১৮০০৩১৩৪৪৪০০/৪৪৪২২২, ওয়েবসাইট : www.wb.gov.in

বিশ্বে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান ০৭ জুলাই, ২০২১ পর্যন্ত)

দেশের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
বিশ্ব	১৮,৫৮,০৭,২৯৭	৪০,১৬,৮৭১	১৭,০০,৬৬,৩৯৯
১. মার্কিন যুক্তরাষ্ট্র	৩,৪৬,৩৮,৫৬৬	৬,২১,৭৬৩	২,৯১,৬৫,৯২৭
২. ভারত	৩,০৭,০৮,০৯২	৪,০৫,০৫৪	২,৯৮,৩৬,০৭০
৩. ব্রাজিল	১,৮৯,০৯,০৩৭	৫,২৮,৬১১	১,৭৩,৫২,৬৭০
৪. ফ্রান্স	৫৭,৯৪,৬৬৫	১,১১,২৫৯	৫৬,৩৮,৪৬০
৫. রাশিয়া	৫৬,৮২,৬৩৪	১,৪০,০৪১	৫১,২১,৯১৯
৬. তুরস্ক	৫৪,৫৯,৯২৩	৫০,০৪৮	৫৩,২৮,৭৪৭
৭. ব্রিটেন	৪৯,৯০,৯১৬	১,২৮,৩০১	৪৩,৪৫,৪৯৯
৮. আর্জেন্টিনা	৪৫,৯৩,৭৬৩	৯৭,৪৩৯	৪২,০৬,৪৭৮
৯. কলম্বিয়া	৪৪,২৬,৮১১	১,১০,৫৭৮	৪১,৪২,৩৮৪
১০. ইতালি	৪২,৬৫,৭১৪	১,২৭,৭১৮	৪০,৯৬,১৫৬
১১. স্পেন	৩৮,৯৭,৯৯৬	৮০,৯৬৯	৩৬,২১,৪২৩
১২. জার্মানি	৩৭,৪০,৫৪১	৯১,৬৬৫	৩৬,৩১,৫০০
১৩. ইরান	৩৩,০৪,১৩৫	৮৫,২৬১	২৯,৬৭,৮২১
১৪. পোল্যান্ড	২৮,৮০,৫০৩	৭৫,১১৪	২৬,৫২,২৯৩
১৫. মেক্সিকো	২৫,৪৯,৮৬২	২,৩৩,৯৫৮	২০,২৩,২৭০
১৬. ইন্দোনেশিয়া	২৩,৭৯,৩৯৭	৬২,৯০৮	১৯,৭৩,৩৮৮
১৭. ইউক্রেন	২২,৩৮,৯৭৪	৫২,৫৩৭	২১,৭৪,৩৫৩
১৮. দক্ষিণ আফ্রিকা	২১,১২,৩৩৬	৬৩,০৩৯	১৮,৫৩,৮০৪
১৯. পেরু	২০,৬৯,০৫১	১,৯৩,৫৮৮	১৭,২০,৬৬৫
২০. নেদারল্যান্ড	১৬,৯৬,৪৮০	১৭,৭৬০	১৬,৪৬,৬৬৯

এরপর ৯ পাতায়

দেশে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান (০৭ জুলাই, ২০২১ পর্যন্ত)

রাজ্যে/কেন্দ্রশাসিত অঞ্চলের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
ভারত	৩,০৭,০৮,০৯২	৪,০৫,০৫৪	২,৯৮,৩৬,০৭০
১. মহারাষ্ট্র	৬১,১৩,৩৩৫	১,২৩,৫৩১	৫৮,৭২,২৬৮
২. কেরল	২৯,৯৬,০৯৪	১৩,৯৬০	২৮,৭৭,৫৫৭
৩. কর্ণাটক	২৮,৫৯,৫৯৫	৩৫,৫২৬	২৭,৮৪,০৩০
৪. তামিলনাড়ু	২৫,০৩,৪৮১	৩৩,১৩২	২৪,৩৫,৮৭২
৫. অন্ধ্রপ্রদেশ	১৯,০৮,০৬৫	১২,৮৯৮	১৮,৬১,৯৩৭
৬. উত্তরপ্রদেশ	১৭,০৬,৮১৮	২২,৬৫৬	১৬,৮২,১৩০
৭. পশ্চিমবঙ্গ	১৫,০৭,২৪১	১৭,৮৩৪	১৪,৭২,১৩২
৮. দিল্লি	১৪,৩৪,৬৮৭	২৫,০০১	১৪,০৮,৮৫৩
৯. ছত্তিশগড়	৯,৯৬,৩৫৯	১৩,৪৬২	৯,৭৭,৮৯৩
১০. রাজস্থান	৯,৫২,৮৩৬	৮,৯৪২	৯,৪২,৮৮২
১১. ওড়িশা	৯,২৭,১৮৬	৪,২৯৯	৮,৯৭,৩৬২
১২. গুজরাট	৮,২৩,৯৬৪	১০,০৭২	৮,১১,৬৯৯
১৩. মধ্যপ্রদেশ	৭,৯০,০৪২	৯,০১৭	৭,৮০,৫৭৮
১৪. হরিয়ানা	৭,৬৯,০৩০	৯,৫০৬	৭,৫৮,৪৪২
১৫. বিহার	৭,২২,৭৪৬	৯,৬১২	৭,১১,৯১৩
১৬. তেলেঙ্গানা	৬,২৮,২৮২	৩,৭০৩	৬,১৩,১২৪
১৭. পাঞ্জাব	৫,৯৬,৭৩৬	১৬,১৩১	৫,৭৮,৫৯০
১৮. অসম	৫,২২,২৬৭	৪,৭১৭	৪,৯৩,৩০৬
১৯. ঝাড়খণ্ড	৩,৪৬,০৩৮	৫,১১৮	৩,৪০,৩৬৫
২০. উত্তরাখণ্ড	৩,৪০,৮২২	৭,৩৩৮	৩,৩২,০০৬

এরপর ৯ পাতায়

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021	28-29.08.2021 04*05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC SI & ASI 2018 Final Result	www.ssc.nic.in
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	
RBI Officer Grade-B Phase-I Result	www.rbi.org.in

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

@bettersolution4u

BASIS NATIONAL ICT AWARDS 2019 Powered by IPDC FINANCE

কারেন্ট অ্যাফেয়ার্স

রাজ্যের খবর

ষষ্ঠতম ব্রিকস সম্মেলন প্রহ্লাদ সিং পটেল

পাঁচদিনে স্টুডেন্ট ক্রেডিট কার্ডে আর্জি ৫০০ কোটি

৩০ জুন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন 'স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প'। ৫ জুলাই পর্যন্ত সরকারি হিসেবে বলছে অন্তত ১০ হাজার প্রার্থী এই কার্ডের সুবিধা পেতে আবেদন করেছে। সেই আবেদনপত্রে উল্লেখিত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৫০০ কোটি টাকা। নবান্নসূত্রে খবর স্নাতক স্তরে পড়াশোনা করতে চেয়ে ঋণের জন্য সর্বাধিক আবেদনপত্র জমা পড়েছে শিক্ষা দপ্তরে। আবেদনপত্রের সঙ্গে জমা পড়া মার্কশিট এবং সার্টিফিকেট যাচাই করে শিক্ষা দপ্তর তা ব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেবে। তারপরে নির্দিষ্ট পদ্ধতি মেনে এবং যাচাই প্রক্রিয়ার মাধ্যমে আবেদনকারীকে ঋণের সুবিধা দেবে ব্যাঙ্ক।

জাতীয় খবর

উপকূলের বায়ুশক্তি ডেভেলপমেন্টে জোর দিল এনটিপিসি, ওএনজিসি

দেশের বিভিন্ন উপকূলবর্তী স্থানে বায়ুশক্তি ব্যবহার ও এই প্রযুক্তির উন্নয়নে 'ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন' (এনটিপিসি) এবং 'অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন' (ওএনজিসি) লিমিটেড যৌথভাবে এক বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। গতবছর মে মাস নাগাদ এই দুই কর্তৃপক্ষ মউ স্বাক্ষর করে এই বিষয়ে। মউ স্বাক্ষর অনুযায়ী ২০৪০ সালের মধ্যে ওএনজিসি-র লক্ষ্য ১০ গিগাওয়াট পুনর্বিকিরণযোগ্য শক্তি উৎপন্ন করা এবং ২০৩২ সালের মধ্যে এনটিপিসি লক্ষ্যমাত্রা নিয়েছে ৩২ গিগাওয়াট পুনর্বিকিরণযোগ্য শক্তি উৎপন্ন করার। উল্লেখ্য, ভারতের উপকূলবর্তী স্থানগুলি বায়ুশক্তি উৎপাদনের ক্ষেত্রে দেশের অভ্যন্তরীণ স্থানের তুলনায় ৫০-৬০% বেশি শক্তি উৎপন্ন করে।

ওড়িশায় পানীয় জল ও সড়কপথ প্রকল্পে ৩৮৮ কোটি টাকা ধার্য করল নাবার্ড

'রুরাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফান্ড' (আরআইডিএফ) এর অধীনে 'ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট' (নাবার্ড) সম্প্রতি ৩৮৮ কোটি টাকা বাজেট বরাদ্দ করল ওড়িশায় পানীয় জল ও সড়কপথ প্রকল্পে। এই প্রকল্পের কর্মসূচি অনুসারে ওড়িশার ১৫টি জেলার মধ্য দিয়ে ২০টি গ্রামীন সড়কপথ তৈরি হবে এবং ৪টি মেগাপাইপ বিশিষ্ট পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হবে। এই ৪টি মেগাপাইপ বিশিষ্ট জল প্রকল্পের অধীনে প্রতিদিন ৭০ এলপিসিডি (লিটার/পার ক্যাপিটা/ডে) জল সরবরাহের এই লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। উক্ত প্রজেক্ট এলাকায় দৈনিক ৮ ঘণ্টা বিশুদ্ধ জল সরবরাহ করা হবে প্রত্যেক পরিবারে একটি ট্যাপ কানেকশনের মাধ্যমে। এই জল প্রকল্পের অধীনস্থ জায়গাগুলি হল– কোরাপুট জেলার বৈতারিগুড়া ব্লক, বালাসোর জেলার নীলগিরি ব্লক এবং মালকানগিরি জেলার মালকানগিরি ও কালিমেলা ব্লক।

আন্তর্জাতিক খবর

ম্যালেরিয়ামুক্ত দেশ হল চিন

'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' (হু) চিনকে ম্যালেরিয়ামুক্ত দেশ হওয়ার সার্টিফিকেট প্রদান করল। গত ৭০ বছর চিনের মানুষ লড়াই করে চলেছিল দেশ থেকে ম্যালেরিয়া রোগকে হঠাতে। অবশেষে সেই সাফল্য অর্জন করল তারা। গত ৪ বছরে সেদেশে একটিও ম্যালেরিয়া রোগীর খোঁজ পাওয়া যায়নি। পশ্চিমী প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মধ্যে চিনই হল প্রথম দেশ যে সাফল্য অর্জন করতে সক্ষম হল। পৃথিবীর অন্যান্য অঞ্চলের মধ্যে সর্বপ্রথম ম্যালেরিয়ামুক্ত দেশ হিসেবে স্বীকৃতি পায় অস্ট্রেলিয়া (১৯৮১ সালে)। ১৯৮২ সালে এই সম্মান পায় সিঙ্গাপুর এবং ১৯৮৭ সালে এশিয়ার ব্রুনেই দারুসালেম যেটি মালয়েশিয়া ও দক্ষিণ চিন সাগরের মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত।

দক্ষিণ কোরিয়ার বায়ুসেনাকে ২০২১ এর 'এয়ারলাইন অফ দ্য ইয়ার' ঘোষণা করা হল

'এয়ার ট্রান্সপোর্ট ওয়ার্ল্ড' সম্প্রতি সারা বিশ্বের মধ্যে দক্ষিণ কোরিয়ার বায়ুসেনা শক্তিকে এবছরের 'এয়ারলাইন অফ দ্য ইয়ার' ঘোষণা করল। এই সম্মানকে 'অস্কার ইন দ্য অ্যাভিয়েশন ইন্ডাস্ট্রি'-ও বলা হয়। অতিমারী পরিস্থিতিতে বিভিন্ন দেশের মধ্যে দক্ষিণ কোরিয়ার বায়ুসেনা শক্তি যথেষ্ট তৎপরতার সঙ্গে কাজ করেছে বলে তাদের দেশে করোনা সংক্রমণকে ঠেকানো সম্ভব হয়েছে। অতিমারী পরিস্থিতিতে বিশেষ অবদানের জন্য তাদের এই সম্মান জানানো হল। এবছর ৫ অক্টোবর আমেরিকার বস্টন শহরে এই পুরস্কার ও সম্মানের আয়োজন করা হবে। ১৯৭৪ সাল থেকে এই পুরস্কার প্রদান করা হচ্ছে। সংশ্লিষ্ট বায়ুসেনার ৫টি দিককে বিচার করে এই পুরস্কার দেওয়া হয়েছে। এই পাঁচটি বিষয় হল– ফিন্যান্সিয়াল স্টেবিলিটি, বিজনেস অপারেশন, কাস্টমার সার্ভিস, সাস্টেনেবিলিটি এবং সেফটি।

ষষ্ঠ ব্রিকস সম্মেলনের সভাপতিত্ব করল ভারত

২ জুলাই ভার্চুয়াল মাধ্যমে এবছর ষষ্ঠতম ব্রিকস সম্মেলন অনুষ্ঠিত হল। সদস্য দেশগুলি যথা– ব্রাজিল, রাশিয়া, ভারত, চিন এবং দক্ষিণ আফ্রিকার কালচারাল মিনিস্ট্রির মন্ত্রীগণ এই অনুষ্ঠানে যোগদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারতের সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী প্রহ্লাদ সিং পটেল। এই সম্মেলনে চিন ছিল 'বন্ডিং অ্যান্ড হার্মোনাইজিং কালচারাল সিনার্জি'। এই সম্মেলনের উদ্দেশ্য ছিল সদস্য দেশগুলির ঐতিহ্যবাহী মিউজিয়াম, আর্ট, থিয়েটার, প্রাচীন পুঁথিপত্র, ঐতিহ্যবাহী স্থাপত্যশিল্প ইত্যাদিতে আধুনিক ডিজিটাল টেকনোলজি ব্যবহার করে কিভাবে আরও দীর্ঘস্থায়ী সময়ের জন্য সংরক্ষণ করে রাখা যায় সেবিষয়ে একে অপরকে পরামর্শ প্রদান করা।

পুরস্কার ও সম্মান

৫৪ বছরের ইতিহাসে বিশেষ সম্মান বঙ্গতনয়ার

বিজ্ঞানের আন্তর্জাতিক মঞ্চে বড় স্বীকৃতি আরও এক বাঙালির। 'ইন্টারন্যাশনাল অ্যাকাডেমি অফ কোয়ান্টাম মলিকিউলার সায়েন্স' (আইএকিউএমএস) এর দেওয়া বিজ্ঞান সম্মান পেলেন শ্রীরামপুরের দেবশ্রী ঘোষ। কোয়ান্টাম রসায়নবিদ্যায় তাঁর উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার। ৫৪ বছরের ইতিহাসে এই প্রথম কোনো ভারতীয় পেলেন এই বিরল সম্মান। যেখানে এই পুরস্কারপ্রাপকদের তালিকায় রয়েছে বহু নোবেলজয়ীদের নাম। দেবশ্রী ঘোষ কলকাতার ঐতিহ্যবাহী বিজ্ঞান প্রতিষ্ঠান 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কাল্টিভেশন অফ সায়েন্স' (আইএসিএস) এর 'স্কুল অব কেমিক্যাল সায়েন্স'-এর অ্যাসোসিয়েট প্রফেসর পদে কর্মরত আছেন।

'কুভেম্পু' অ্যাওয়ার্ড পেলেন ওড়িশি কবি

ওড়িশার প্রখ্যাত কবি তথা ঔপন্যাসিক ৭৭ বছর বয়সী ডঃ রাজেন্দ্র কিশোর পাণ্ডা ২০২০ সালের 'কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কারে'র জন্য বিজয়ী নির্বাচিত হলেন। চূড়ান্ত বাছাইপর্বে তাঁর নাম ঘোষণা করেন তিন সদস্যবিশিষ্ট কমিটি, যথা– কন্নড় কবি ডঃ এইচ এস শিবপ্রকাশ, অগ্রহরা কৃষ্ণমূর্তি (সেন্ট্রাল সাহিত্য অ্যাকাডেমির প্রাক্তন সেক্রেটারি) এবং বাঙালি সাহিত্যিক শ্যামল ভট্টাচার্য। এই কমিটির চেয়ারম্যান পদের দায়িত্বে আছেন প্রফেসর হাম্পা নাগারাজাইয়া। ডঃ রাজেন্দ্র কিশোর পাণ্ডা প্রায় ১৬টি কাব্যগ্রন্থ এবং একটি উপন্যাস রচনা করেছেন। ২০১০ সালে তাঁকে 'গঙ্গাধর ন্যাশনাল অ্যাওয়ার্ড' সম্মানে ভূষিত করা হয়। ১৯৮৫ সালে তিনি 'সাহিত্য অ্যাকাডেমি অ্যাওয়ার্ড'। সেবছরই ওড়িশার সম্বলপুর বিশ্ববিদ্যালয় থেকে তাঁকে 'ডিলিট' সম্মানে ভূষিত করা হয়। পুরস্কারমূল্য হিসেবে ৫ লক্ষ টাকা ও রৌপ্য পদক প্রদান করা হয়েছে।

মঙ্গোলিয়ার সর্বোচ্চ সিভিলিয়ান অ্যাওয়ার্ড পেলেন এক ভারতীয়

মঙ্গোলিয়াতে প্রথমবার তৈল পরিশোধনাগার তৈরি করতে বিশেষ অবদানের জন্য ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর আর কে সাভারওয়ালকে মঙ্গোলিয়ার সর্বোচ্চ সিভিলিয়ান সম্মান 'দ্য অর্ডার অফ পোলার স্টার' সম্মান প্রদান করা হল। মঙ্গোলিয়া সরকার ভারত থেকে প্রায় ১ বিলিয়ন মার্কিন ডলার অর্থসাহায্য নিয়ে প্রথমবার এই তৈল শোধনাগার তৈরি করতে সক্ষম হয়েছে।

বিজ্ঞান ও প্রযুক্তি

আন্টার্কটিকা থেকে উধাও বিশাল হ্রদ

১১ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে থাকা সুবিশাল একটি হ্রদ উধাও হয়ে গিয়েছে আন্টার্কটিকা থেকে গত একসপ্তাহ বা তারও কম সময়ে। সেই হ্রদে থাকা জলের পরিমান ছিল ৬০-৭৫ কোটি ঘনমিটার। যা কাশ্মীরের ডাল হ্রদের অর্ধেকেরও বেশি। সেই হ্রদের জল গিয়ে মিশছে আন্টার্কটিকা মহাসাগরে। উপগ্রহচিত্রে ধরা পড়া সেই উদ্বেজনক খবর সম্প্রতি প্রকাশিত হয়েছে আন্তর্জাতিক বিজ্ঞান গবেষণা পত্রিকা 'জিওলজিক্যাল রিসার্চ লেটার্স'-এ। গবেষকরা জানিয়েছেন, উষ্ণায়নের জন্যই এটা হয়েছে। তাঁরা জানিয়েছেন, সেই সুবিশাল হ্রদটি ছিল পূর্ব আন্টার্কটিকার 'অ্যামেরি আইস শেল্ফে'।

GSCE Publications
থেকে প্রকাশিত বাংলা ও ইংরেজি মাসিক পত্রিকা
WBCS, PSC, SSC, স্কুল সার্ভিস, রেল, ব্যাঙ্ক ইত্যাদি রাজ্য ও কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষায় সঠিক ও পরিকল্পনামাফিক প্রস্তুতির জন্য প্রতিটি চাকরিপ্রার্থীর কাছে অপরিহার্য ও নির্ভরযোগ্য এবং পাঠককুলের বিচারে বাংলার সেরা ও সর্বাধিক বিক্রিত বাংলা মাসিক পত্রিকা 'অ্যাচিভার্স' এবং ইংরেজি মাসিক পত্রিকা 'ACHIEVERS In Focus' প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হয়।

হ্রদটিতে এতটাই জল ছিল যে তার চাপে হ্রদের নীচে থাকা পুরু বরফের চাঙড় ফেটে গিয়েছে। আর তারই ফাঁক গলে গোটা হ্রদের জল বেরিয়ে গিয়ে আন্টর্কটিকা মহাসাগরে মিশেছে। এই ঘটনাকে বিজ্ঞানীরা বলেছেন 'হাইড্রোফ্র্যাকচার'। মূল গবেষক গ্লোসিয়ার (হিমবাহ) বিশেষজ্ঞ রোল্যান্ড ওয়ার্নার জানিয়েছেন, এত অল্প সময়ে নীচের ১৪০০ মিটার পুরু বরফের চাঙড় ফাটিয়ে গোটা হ্রদের জল বেরিয়ে গিয়ে মহাসাগরে মেশার ঘটনা এই প্রথম জানা গেল পৃথিবীর ইতিহাসে।

করোনাজয়ীরা ডেল্টায় কাবু হবেন না*

যেসব করোনাজয়ীরা কোভিশিল্ডের এক বা দুই ডোজ নিয়েছেন, তাঁরা ডেল্টা স্ট্রেনকে রুখে দিতে পারবেন। আইসিএমআর রিপোর্ট অনুযায়ী, যাঁরা আগে করোনা জয় করেছেন তাঁদের দেহে কোভিশিল্ডের একটি ডোজ নেওয়া থাকলে তাঁদেরকে ডেল্টা ভ্যারিয়েন্টে আক্রমণ শানাতে খুব একটা কার্যকর হবেনা। আসলে তাঁদের সার্বিক রোগ প্রতিরোধ ক্ষমতা ও কোশের রোগ প্রতিরোধ ক্ষমতা ওই স্ট্রেনকে রুখে দিতে পারছে বলেই জানিয়েছেন গবেষকরা।

প্রথম মেটেরিওলজিক্যাল স্যাটেলাইট লঞ্চ করল চিন

'ফেঙ্গউন-৩ই' (FengYun-3E) নামক বিশ্বের প্রথম মেটেরিওলজিক্যাল স্যাটেলাইট মহাকাশে লঞ্চ করল 'চাইনা ন্যাশনাল স্পেস অ্যাডমিনিস্ট্রেশন'। চিনের 'ইউকোয়ান স্যাটেলাইট লঞ্চ সেন্টার' থেকে 'লং মার্চ-৪সি' রকেটের মাধ্যমে এই স্যাটেলাইটটিকে মহাকাশে স্থাপন করা হয়েছে। চিনের সিভিল সার্ভিসে এই স্যাটেলাইট ব্যবহার করা হবে। এটি আপাতত ৮ বছরের কার্যক্ষমতাসম্পন্ন একটি স্যাটেলাইট যা ১১টি অ্যাডভান্সড রিমোট সেন্সিং পেলোড দ্বারা তৈরি। চিনের জলবায়ু ও আবহাওয়া সম্পর্কিত পূর্বাভাস দিতে যেমন– তাপমাত্রা, আর্দ্রতা ইত্যাদির পূর্বাভাস দিয়ে সেদেশের প্রশাসনিক কাজকর্মে সহায়তা করবে।

প্রথম ভারতীয় জিওলজিক্যাল সোসাইটি অফ আমেরিকার ফেলো

বিজ্ঞানের আন্তর্জাতিক মঞ্চে ফের স্বীকৃতি এক বঙ্গসন্তানের। 'জিওলজিক্যাল সোসাইটি অফ আমেরিকা' (জিএসএ)-এর 'ফেলো' হওয়ার গৌরব অর্জন করলেন কালীঘাটবাসী অভিজিৎ মুখোপাধ্যায়। ১৩৩ বছরের ইতিহাসে এই প্রথম কোনো ভারতীয় 'জিএসএ'-এর ফেলোশিপ পেলেন। ভূপদার্থবিদ্যায় তাঁর উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হল জিএসএ-এর পক্ষ থেকে। তাঁর গবেষণার মূল বিষয় হল– নানাভাবে ভূগর্ভস্থ পানীয় জলের দূষণ। সিন্ধু-গঙ্গা ব্রহ্মপুত্র– সুবিশাল এই তিনটি নদ-নদীর অববাহিকায় ভূগর্ভস্থ পানীয় জলের দূষণ নিয়ে দীর্ঘদিন ধরে গবেষণা করে চলেছেন খড়্গপুর আইআইটি-র জিওলজি এবং জিওফিজিক্স বিভাগের 'স্কুল অফ এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং'-এর অ্যাসোসিয়েট প্রফেসর অভিজিৎ মুখোপাধ্যায়।

মহাকাশে ৭ ঘণ্টা কাটালেন দুই চিনা মহাকাশচারী

চিনের পাঠানো সাম্প্রতিকতম মহাকাশযান থেকে বেরিয়ে ৪ জুলাই প্রায় ৭ ঘণ্টা মহাশূন্যে কাটালেন দুই চিনা মহাকাশচারী। ওই দুজন চিনা মহাকাশচারী হলেন দিউ বোমিঙ এবং টাং হাঙবো। এদিন ১৫ মিটার লম্বা যন্ত্রচালিত হাতের মাধ্যমে মহাকাশযানের গায়ে ক্যামেরা ও অন্যান্য যন্ত্রপাতি তারা স্থাপন করে। তৃতীয় একজন মহাকাশচারী ঐ যানের ভেতরেই ছিলেন। চিনা কমিউনিস্ট পার্টির শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মে মাসে মঙ্গল অভিযানের সূচনা করেছিল শি জিনপিংয়ের সরকার। তারই অংশ হিসেবে গত ১৭ জুন ঐ তিনজন মহাশূন্যে চিনের তৃতীয় স্পেস স্টেশনে পৌঁছান। আপাতত তিনমাস সেখানেই থাকবেন তারা।

খেলাধুলা

ভারতেই তৈরি হবে বিশ্বের তৃতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম

এবার বিশ্বের তৃতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম নির্মিত হতে চলেছে রাজস্থানে। প্রথম পর্যায়ে ৪৫ হাজার দর্শকের ক্ষমতা থাকবে। অস্ট্রেলিয়ার মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ড বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম। প্রায় একশ একর জমিতে নির্মিত স্টেডিয়ামের কাজ আড়াই-তিন বছরে শেষ হবে।

কোপার ফাইনালে ব্রাজিল-আর্জেন্টিনা

কোপার ফাইনালে পৌঁছে গেল ব্রাজিল। লুকাস পাকুয়েতার গোলে ম্যাচের ৩৫ মিনিটে জয়সূচক গোলটি করে ফেলে সাম্বা ব্রিগেড। দুর্দান্ত পাসটি আসে নেইমারের পা থেকে। দ্বিতীয়ার্ধে পেরুও যথেষ্ট আক্রমণাত্মক খেলেছে। পেরুর গোলকিপার পেড্রো গ্যালেসের দুর্দান্ত সেভের জন্য কয়েকটি নিশ্চিত গোল মিস করে ব্রাজিল। অন্যদিকে কলম্বিয়াকে টাইব্রেকারে হারিয়ে কোপার ফাইনালে পৌঁছেছে আর্জেন্টিনা। ফলে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিল-আর্জেন্টিনা দ্বৈরথ ফের দেখা যাবে কোপা আমেরিকার ফাইনালে।

আইএসএসএফ শুটিং ওয়ার্ল্ড কাপ ২০২১

'আইএসএসএফ শুটিং ওয়ার্ল্ডকাপ ২০২১' (রাইফেল, পিস্তল, শটগান) অনুষ্ঠিত হল ক্রোয়েশিয়ার ওসিকেক শহরে গত ২২ জুন থেকে ৩ জুলাই পর্যন্ত। টোকিও অলিম্পিকের আগে এটিই ছিল ফাইনাল 'আইএসএসএফ [International Shooting Sports Federation (ISSF)] ওয়ার্ল্ড কাপ'। পদক প্রাপ্তির তালিকায় ১৮টি পদক পেয়ে শীর্ষস্থান দখল করেছে রাশিয়া। ইতালি ও জার্মানি যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছে। উভয় দেশই ১০টি করে পদক জিতেছে। ৪টি পদক জিতে দশম স্থানে আছে ভারত (১টি সোনা, ১টি রুপো ও ২টি ব্রোঞ্জ)। ভারতীয় বিজয়ীদের নাম তালিকার আকারে দেওয়া হল—

বিজেতা	মেডেল	ক্যাটাগরি
রাহি শার্নোবাত	সোনা	ওমেন ২৫ মিটার পিস্তল
সৌরভ চৌধুরি	ব্রোঞ্জ	মেনস ১০ মিটার এয়ার পিস্তল
মানু ভাকের ও সৌরভ চৌধুরি	রুপো	মিক্সড টিম - ১০ মিটার এয়ার পিস্তল
মানু ভাকের, রাহি শার্নোবাত এবং জসপ্রীত দেশওয়াল	ব্রোঞ্জ	উমেন্স টিম ইভেন্ট - মিটার এয়ার পিস্তল

উইম্বলডনে যাত্রা শেষ সানিয়া-বোপান্নার

উইম্বলডনের মিক্সড ডাবলস থেকে বিদায় নিলেন ভারতীয় পার্টনার রোহন বোপান্না-সানিয়া মির্জা জুটি। ৭ জুলাই মিক্সড ডাবলসের প্রি-কোয়ার্টার ফাইনালে সানিয়া-বোপান্না জুটি নামেন আন্দ্রেজা ক্লেপাক ও জিন-জুলিয়ান রজারের বিরুদ্ধে। খেলার ফলাফল সানিয়াদের বিপক্ষে দাঁড়ায় ৩-৬, ৬-৩ ও ৯-১১। ২ ঘণ্টা ৭ মিনিট ধরে লড়াই চলে হাড্ডাহাড্ডি এই ম্যাচ।

টোকিও অলিম্পিকে ভারতের পতাকাবাহক মেরি কম

আগামী ২৩ জুলাই থেকে শুরু হচ্ছে টোকিও অলিম্পিক। ওইদিন উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের হয়ে পতাকা বহন করবেন ৬ বারের বিশ্ব বক্সিং চ্যাম্পিয়ন মেরি কম এবং ভারতীয় পুরুষ হকি দলে অধিনায়ক মনপ্রিত সিং। ৫ জুলাই ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে। তারা আরও জানিয়েছে, এশিয়ান গেমসে স্বর্ণপদক বিজয়ী কুস্তিগীর বজরং পুনিয়া সমাপ্তি অনুষ্ঠানের পতাকাবাহক হবেন। আন্তর্জাতিক মহিলা ক্রিকেটে সবচেয়ে বেশি রানের রেকর্ড করলেন মিতালি রাজ। ৪ জুলাই ইংল্যান্ডে বিরুদ্ধে ২১৯ রান তাড়া করতে নেমে ৩ বল বাকি থাকতেই ভারতীয় মহিলা ক্রিকেট দল ৬ উইকেটে করে ২২০ রান। এর সঙ্গে আন্তর্জাতিক ক্রিকেটে নজির গড়লেন মিতালি রাজ। ৮৬ বলে অপরাজিত ৭৫ রানের ইনিংস গড়লেন তিনি। ক্রিকেটে মহিলাদের তিনটি ফর্ম্যাটে প্রাক্তন ইংল্যান্ড অধিনায়ক এডওয়ার্ডসের ১০২৭৩ রানকে পিছনে ফেলে দেন মিতালি রাজ। বর্তমানে তাঁর রান ১০২৭৭। তিনি এই মুহূর্তে আন্তর্জাতিক মহিলা ক্রিকেটে সবচেয়ে বেশি রানের অধিকারী।

উইম্বলডনের কোয়ার্টার ফাইনালে জকোভিচ

উইম্বলডনের কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেলেন নোভাক জকোভিচ। স্ট্রেট সেটে ক্রিশ্চিয়ান গ্যারিনকে হারিয়ে দিলেন বিশ্বের এক নম্বর টেনিস তারকা। খেলার ফল জকোভিচের পক্ষে ৬-২, ৬-৪ ও ৬-২। এই নিয়ে উইম্বলডনে ছাব্বিশবার কোয়ার্টার ফাইনালে উঠলেন জকোভিচ। অন্যদিকে ১৯৪৮ সালের পর হাঙ্গেরির প্রথম টেনিস প্লেয়ার হিসেবে উইম্বলডনের কোয়ার্টার ফাইনালে উঠলেন মার্টন ফুচোভিচ।

ইউরোর সেমিফাইনালে ডেনমার্ক

২৯ বছর পর ইউরো কাপের সেমিফাইনালে পৌঁছল ডেনমার্ক। তৃতীয় কোয়ার্টার ফাইনালে চেক প্রজাতন্ত্রকে ২-১ গোলে হারিয়ে শেষ চারে পৌঁছাল ডেনমার্ক। ডেনমার্কের হয়ে গোল করেন ডেলানে ও ডলবার্গে। ১৯৯২ সালে শেষবার ইউরো কাপের সেমিফাইনালে উঠেছিল ডেনমার্ক। প্রথমার্ধেই ২-০ গোলে এগিয়েছিল ডেনমার্ক। দ্বিতীয়ার্ধের শুরুতে ৪৯ মিনিটে চেক প্রজাতন্ত্রের হয়ে একটি গোল শোধ করেন স্টিক। ৯০ মিনিটের শেষে দুর্দান্ত গোল পায় ডেনমার্ক।

জাতীয় নিয়োগ

পুষ্কর সিং ধামি : ৪ জুলাই উত্তরাখণ্ডের ১১তম মুখ্যমন্ত্রী হিসেবে নির্বাচিত হলেন পুষ্কর সিং ধামি। ৪৫ বছর বয়সী পুষ্কর সিং ত্রিবথ সিং রাওয়াতের স্থলাভিষিক্ত হলেন। তিনি হলেন সেরাজ্যের সর্বকনিষ্ঠ মুখ্যমন্ত্রী। এই পদে আসীন হওয়ার আগে তিনি ছিলেন শুধুমাত্র ২ বারের বিজয়ী এমএলএ। আজ পর্যন্ত তিনি কোনো মন্ত্রিত্ব পদে আসীন হননি। তাই তাঁর মুখ্যমন্ত্রী শপথগ্রহণ ভারতীয় রাজনীতিতে একটি দৃষ্টান্ত স্থাপন করল। উত্তরাখণ্ডের

প্রকাশিত
১ জানুয়ারি — ৩১ ডিসেম্বর, ২০২০
ঘটে যাওয়া সমস্ত ঘটনাবলী সমৃদ্ধ
অ্যাচিভার্স ইয়ার বুক – ২০২১

এই বইটিতে আছে সারা বছরের অ্যাপ ও পোর্টাল, জাতীয় ও আন্তর্জাতিক নিয়োগ, খেলাধুলার খবর, অধিবেশন, পুরস্কার, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকল্প, কমিটি, ব্যবসা-বাণিজ্য, মউ/চুক্তি, Who's Who, স্টাডি ও রিপোর্ট, ব্যাঙ্ক, অর্থনীতির খবর, আত্মনির্ভর ভারত অভিযান, জাতীয় শিক্ষানীতি, শ্রীরাম মন্দিরের ভূমি পূজো, নতুন কৃষি আইন ও করোনার ইতিবৃত্ত-সহ A to Z কারেন্ট অ্যাফেয়ার্স।

পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ১২০ টাকা।

প্রকাশিত
ডব্লিউবিসিএস পরীক্ষায় একচ্ছত্র সফল হতে
অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা
WBCS গাইড বুক

পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ৪০০ টাকা

প্রিলি ও মেন পরীক্ষার জন্য ১০৪০ পৃষ্ঠার এই বইটির বিশেষত্ব-
